JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/12/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন 2019 সালের মৌশুমের জন্য টেস্ট নিউ ইয়র্ক ফার্ম মার্কেটস (TASTE NY FARM MARKETS) শুরু হবে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে পরিষেবা অঞ্চলে এপ্রিল 1 থেকে

ফার্ম মার্কেটস যাত্রীদের স্থানীয়ভাবে উৎপাদিত উৎপাদন ক্রয়ের সুযোগ করে দেয় নিউ ইয়র্কের খামারগুলি থেকে

নিউ ইয়র্কের চাষী এবং উৎপাদকদের সাইন আপ করতে এবং তাদের গৃহ-উৎপাদিত পণ্যগুলি থ্রুওয়ের লক্ষ্য লক্ষ্য গ্রাহকদের কাছে প্রদর্শন করতে উৎসাহ দেওয়া হয়

আগ্রহী ভেন্ডরদের এখানে ইমেল করা উচিৎ TravelersServices@thruway.ny.gov

গভর্নর কুওমো আজ ঘোষণা করেছেন 2019 সালের মৌশুমের জন্য টেস্ট নিউ ইয়র্ক ফার্ম মার্কেটস শুরু হবে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে পরিষেবা অঞ্চলে এপ্রিল 1 থেকে। টেস্ট নিউ ইয়র্ক ফার্ম মার্কেটস নিউ ইয়র্ক জুড়ে যে বিশ্বমানের খাদ্য এবং পানীয় পাওয়া যায় তার উন্নয়নে সাহায্য করে। নিউ ইয়র্কের খামারগুলির সব চেয়ে সেরা স্থানীয়ভাবে উৎপাদিত উৎপাদনগুলির এই বার্ষিক অঞ্জলী অবিরত রেখেছে থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) এবং নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার বিভাগ (New York State Department of Agriculture and Markets)।

"টেস্ট নিউ ইয়র্ক একটি অর্থনৈতিক ইঞ্জিন যা রাজ্যের প্রতিটি কোনায় অবস্থিত এবং নিউ ইয়র্কের ক্রমবর্ধমান কৃষিকে প্রসারিত করেছে", **গভর্নর কুওমো বলেন,** "থ্রুওয়ে পরিষেবার অঞ্চলগুলির খামার বাজারগুলি চাষি এবং উৎপাদকদের এক অনন্য সুযোগ করে দেয় তাদের পণ্যগুলি লক্ষ্য লক্ষ্য পর্যটকদের কাছে প্রদর্শন করার জন্য, এম্পায়ার স্টেট জুড়ে খামার এবং ছোট ব্যবসার বৃদ্ধিকে সমর্থন করার উদ্দেশ্যে।"

"মেপল সিরাপ থেকে শুরু করে, ডেয়ারি, ফল ও সবজি সহ, নিউ ইয়র্ক উচ্চমানের অসাধারণ বৈচিত্র্যময় কৃষি পণ্য উৎপাদন করে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের টেস্ট নিউ ইয়র্ক কর্মসূচী আমাদের সেরা পণ্যের সম্ভার পেশ করে, এবং আরো একটি মৌশুম যাত্রীদের থ্রুওয়ের স্টপগুলিতে তাজা, স্থানীয়ভাবে উৎপাদিত পণ্য প্রদান করতে উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ের 570 মাইল সিস্টেমের পরিষেবার অঞ্চলের বিভিন্ন অবস্থানে বাহ্যিক খামারের বাজারের উপস্থিতি দেখতে পাওয়া যায়। 2018 সালে, নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন অঞ্চল জুড়ে 12 জন স্থানীয় উৎপাদক 20টি পরিষেবার অঞ্চলের বাজারে অংশগ্রহণ করেন, এবং বসন্ত, গ্রীষ্ম এবং শরতকালে যে লক্ষ্য লক্ষ্য যাত্রীরা এই থ্রুওয়ে দিয়ে যাতায়াত করেন তাদের কাছে পৌঁছতে পারেন।

উপলব্ধতার উপর নির্ভর করে স্থানীয়ভাবে উৎপাদিত ফল, সবজি, মধু, মেপল সিরাপ, বাদাম, মাখন, চিজ এবং আরো অনেক কিছু গ্রাহকদের নাগালদের মধ্যে আসবে। শুধু নিউ ইয়র্ক স্টেটে ফোলানো অথবা উৎপাদিত পণ্য বিক্রি করা যেতে পারে। বাজার খোলা থাকার দিন এবং সময় নির্ভর করে পণ্যের উপলব্ধতা এবং আবহাওয়ার উপর। গাড়ির চালকদের thruway.ny.govতে যেতে উৎসাহিত করা হচ্ছে অংশগ্রহণকারী খামার এবং উপলব্ধ পণ্য ও অবস্থান এবং সময় সম্পর্কে জানার জন্য।

নিউ ইয়র্কের ভেন্ডররা যারা টেস্ট নিউ ইয়র্ক ফার্ম মার্কেটসে খাদ্য পণ্য বিক্রি করার জন্য আগ্রহী, তাদের TravelersServices@thruway.ny.govতে ইমেল করতে হবে আরো তথ্যের জন্য কিভাবে এই মৌশুমে অংশগ্রহণ করতে হবে তার জন্য।

স্টেটের কৃষি (State Agriculture) কমিশনার রিচার্ড বল বলেন, "আমরা গভর্নর কুওমো এবং একজেকিউটিভ ডিরেক্টর ড্রিস্কোলকে ধন্যবাদ জানাই টেস্ট নিউ ইয়র্ককে সমর্থন করার জন্য এবং আমাদের চাষিদের এবং উৎপাদকদের তাদের সেরা পণ্যগুলি প্রদর্শন করে নতুন বাজারের নাগাল পেতে একটি মঞ্চ প্রদান করার জন্য। খামার বাজারের মৌশুমের শুরু আমাদের কাছে আমাদের সমৃদ্ধ এবং দীর্ঘমেয়াদী কৃষি ঐতিহ্য এবং নিউ ইয়র্ক স্টেটে তার অর্থনৈতিক প্রভাবের এক অনুস্মারক।"

থ্রুওয়ে অথোরিটি এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "আমাদের পরিষেবার অঞ্চলগুলি এক অনন্য সেটিং প্রদান করে যা লক্ষ্য লক্ষ্য মানুষের কাছে পৌঁছতে পারে রাজ্য এবং বিশ্ব জুড়ে। থ্রুওয়ে কতৃপক্ষ টেস্ট নিউ ইয়র্ক প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে গর্বিত এমন একটি স্থান প্রদান করে যেখানে স্থানীয় চাষি এবং উৎপাদকরা তাদের পণ্য বিক্রি করতে পারবেন সফররত জনসাধারণকে।"

টেস্ট নিউ ইয়র্ক সম্পর্কে

টেস্ট নিউ ইয়র্ক প্রচেষ্টা স্থায়ী বৃদ্ধিলাভ করেছে এবং স্বীকৃতি পেয়েছে 2013 সালে গভর্নর কুওমোর দ্বারা তৈরি হবার পর থেকে। কর্মসূচীটি 1.5 মিলিয়ন মার্কিন ডলার বিক্রির কথা জানায় 2014 সালে, যা 2015 সালে তিনগুণ হয়ে দাঁড়ায় 4.5 মিলিয়ন মার্কিন ডলারে এবং 2016 সালে তা হয় 13.1 মিলিয়ন মার্কিন ডলার। 2017 সালে, টেস্ট নিউ ইয়র্ক উৎপাদকদের বিক্রি বেড়ে রেকর্ড 16.1 মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। কৃষি ও বাজার বিভাগের তত্ত্বাবধানে টেস্ট নিউ ইয়র্ক স্থানীয় উৎপাদকদের জন্য রাজ্য জুড়ে বিভিন্ন জায়গায় এবং বৃহত্তর সর্বজনীন ইভেন্টগুলিতে যেমন গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার (Great New York State Fair) এবং বেথপেজ স্টেট পার্কে বার্কলেস টুর্নামেন্টে (Barclays Tournament) তাদের পণ্য প্রদর্শন করার সুযোগ সৃষ্টি করে দিয়েছে। এটি আরও বেশি গ্রাহকদের কাছে পৌঁছানোর, অনলাইন বিক্রয় বৃদ্ধি করতে এবং বহু ক্ষেত্রে তাদের ব্যবসার প্রক্রিয়াকরণের ক্ষমতা প্রসারিত করতে কর্মসূচীতে অংশগ্রহনকারী খামার ও সংস্থাগুলির সহায়তাও করেছে। টেস্ট নিউ ইয়র্কের খাদ্য ও পানীয় ব্যবসাগুলি নিউ ইয়র্কে ফলানো এবং উৎপাদিত উপাদানগুলি ব্যবহার করে স্টেটের কৃষকদের সহায়তা করে।

আজ, টেস্ট নিউ ইয়র্ক ব্র্যান্ডের অধীনে বিক্রি করা নিউ ইয়র্কের পণ্যগুলি সারা দেশে জুড়ে 70 টিরও বেশি স্থানে এবং সান হুয়ান, পুয়ের্তো রিকোর নিউইয়র্ক স্টেট অফিস অফ ট্রেড অ্যান্ড ট্যুরিজমেও (New York State Office of Trade and Tourism) পাওয়া যায়।

টেস্ট নিউ ইয়র্ক সম্বন্ধে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন www.taste.ny.gov। টেস্ট নিউ ইয়র্কের সাথে যোগাযোগ করুন ফেসবুক, টুইটার, ইন্সটাগ্রাম এবং পিন্টারেস্টের মাধ্যমে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন